৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
(প্রাইজবন্ড, সঞ্চয়পত্র ও সঞ্চয়বন্ড শাখা)

সার্কুলার নং-ডিএমডি-০৫/২০১৬

তারিখ ঃ ২০/০৭/২০১৬ ইং

নির্বাহী পরিচালক/মহাব্যবস্থাপক
বাংলাদেশ ব্যাংক
মতিঝিল,ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বগুড়া/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/সদরঘাট,ঢাকা।

প্রিয় মহোদয়,

গ্র্যাচুয়িটি ফান্ডের টাকা সঞ্চয়পত্রে বিনিয়োগ প্রসংগে।

শীর্ষক বিষয়ে আপনাদের নিকট প্রেরিত অত্র বিভাগের ২৬/০২/২০১২ তারিখের সার্কুলার নং ডিএমডি ০২/২০১২ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক অবহিত করা যাচ্ছে যে, সঞ্চয়পত্র বিধিমালা, ১৯৭৭ (সংশোধিত-২০০২) এর বিধি ৫ এর উপ-বিধি (৫) অনুযায়ী কোন প্রতিষ্ঠানের **'গ্র্যাচুয়িটি ফান্ড'** এর অর্থ ৫(পাঁচ) বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রে বিনিয়োগের সুযোগ নেই এবং অতীতেও উক্ত ফান্ডের অর্থ সঞ্চয়পত্র খাতে বিনিয়োগের সুযোগ ছিল না।

০২। বর্ণিত বিধিমালা অনুযায়ী সরকারী/বেসরকারীসহ সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ এবং অন্যান্য যে কোন প্রতিষ্ঠানের গ্র্যাচুয়িটি ফান্ডের অর্থ দ্বারা সঞ্চয়পত্র ক্রয়/বিনিয়োগ করার কোন সুযোগ নেই।

০৩। উল্লিখিত নির্দেশনা আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এবং আপনাদের আওতাধীন তফসিলি ব্যাংকসমূহকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আওলাদ হোসেন চৌধুরী)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১৩১